



১৪ ই নভেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

ধর্ষণের শিকার মানসিক ভারসাম্যহীন জনৈক তরুণীর সন্তানের পিতৃত্বের পরিচয় নিশ্চিত করতে অভিযুক্ত ব্যক্তির ডিএনএ পরীক্ষা করার জন্য মহামান্য হাইকোর্টের নির্দেশ

ধর্ষণের শিকার মানসিক ভারসাম্যহীন কুষ্টিয়ার জনৈক তরুণীর সন্তানের পিতৃত্বের পরিচয় নিশ্চিত করার জন্য মহামান্য হাইকোর্ট অভিযুক্ত ব্যক্তির ডিএনএ পরীক্ষার নির্দেশ দেন। গত ১২ই নভেম্বর ২০১৮ ইং হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি এ. এন. এম বশিরউল্লাহ এবং বিচারপতি মুস্তফা জামান ইসলামের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ অভিযুক্ত ব্যক্তির ডিএনএ পরীক্ষার আবেদন জানিয়ে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর দায়েরকৃত ফৌজদারী আপীল নং - ৩১৪৪/২০১৩ মামলাটি মঞ্জুর করেন এবং অভিযুক্ত ব্যক্তির ডিএনএ পরীক্ষার নির্দেশ দেন।

উল্লেখ্য যে, মানসিক ভারসাম্যহীন জনৈক তরুণীর প্রতিবন্ধকতার সুযোগ নিয়ে অভিযুক্ত ব্যক্তি তাকে ধর্ষণ করে। এর ফলশ্রুতিতে পরবর্তীতে সে অন্তঃসত্ত্বা হয়ে পড়লে অভিযুক্ত ব্যক্তি তার সন্তানের পিতৃপরিচয় অস্বীকার করে। এই ঘটনার দ্বারা সংক্ষুব্ধ হয়ে নির্যাতনের শিকার তরুণী নারী ও শিশু নির্যাতন দমন আইনের অধীনে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, কুষ্টিয়ায় একটি মামলা দায়ের করেন। উক্ত মামলায় আবেদনকারী তার সন্তানের পিতৃ পরিচয় নির্ধারণের জন্য অভিযুক্ত ব্যক্তির ডিএনএ পরীক্ষার আবেদন জানায়। উক্ত আবেদন বিজ্ঞ ট্রাইবুনাল না-মঞ্জুর করলে; উক্ত না-মঞ্জুর আদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে ক্রিমিনাল আপীল মামলা দায়ের এর জন্য ব্লাস্টের কাছে সে আইনী সহায়তার আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে গত ২৯শে মে ২০১৩ইং ব্লাস্ট উচ্চ আদালতে উপরোল্লিখিত ফৌজদারী আপীল মামলাটি দায়ের করে। গত ১২ নভেম্বর ২০১৮ তারিখ এর আদেশকে মহামান্য হাইকোর্ট উক্ত আপীল মঞ্জুর করেন এবং অভিযুক্ত ব্যক্তির ডিএনএ পরীক্ষার নির্দেশ দেন।

আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন ব্লাস্টের প্যানেল আইনজীবী ড. কাজী জাহেদ ইকবাল।

বার্তা প্রেরক: মাহবুবা আক্তার,

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd